



ভারত চিত্রশ্রের

# কালো বোঁ

# কালো বৌ

প্রযোজনা : শ্রীমতী রমা বসু

কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ	....	....	সুনীল বসু
পরিচালনা	....	....	শিল্পী সঙ্ঘ
স্বর শিল্পী	....	....	অনিল বাক্‌চি
গীত রচনা	....	....	শ্যামল গুপ্ত, কেপ্ট চক্রবর্তী
চিত্র গ্রহণ	....	....	অনিল গুপ্ত
শব্দ ধারণ	....	....	নৃশেন পাল
শিল্প নির্দেশ	....	....	সুনীতি মিত্র
সম্পাদনা	....	....	সুবোধ রায়
ব্যবস্থাপনা	....	....	সুনীল দে
স্থির চিত্রগ্রহণ	....	....	ভারতী চিত্রম্
রূপায়ণ	....	....	গোষ্ঠ দাস
সাজ-সজ্জা	....	....	সরোজ মুন্সী
বিভ্যং নিয়ন্ত্রণ	....	....	গোপাল কুণ্ডু ও জে, এন, ঘোষ

## সহকারিগণ

পরিচালনা	....	....	রবীন বসু, সন্তোষ রায় চৌধুরী
চিত্র গ্রহণ	....	....	জ্যোতিষ্ময় লাহা, কৃষ্ণধর
শব্দ ধারণ	....	....	শশাঙ্ক বসু, বলরাম
শিল্প নির্দেশ	....	....	হেমেন ভৌমিক, অনিল পাইন
সম্পাদনা	....	....	অনিত মুখার্জী

রাধা ফিল্মস্ ষ্টুডিওতে আর—সি—এ শব্দযন্ত্রে গৃহীত

ও

ফিল্ম সার্ভিসে পরিস্ফুটিত

পরিবেশনায়

ভবতারিনী পিক্‌চার্‌স্

৮৬, ধর্মতলা ষ্ট্রীট



## \* ভূমিকায় \*

সন্ধ্যারাণী,

শোভা সেন,

রেণুকা রায়,

পদ্মা দেবী,

তপতী ঘোষ,

রেবা বসু,

রাজলক্ষ্মী,

তারা ভাট্টা,

শান্তা দেবী,

রেবা দাসগুপ্তা, নমিতা দত্ত।

ছবি বিশ্বাস,

জহর গাঙ্গুলী,

পাহাড়ী সাম্যাল,

বিকাশ রায়,

সুখেন,

সোরেন ঘোষ,

নরেশ বসু,

কেফ্ট দাস,

সলিল দত্ত,

ছবি ঘোষাল,

ছবি রায়,

ও মধু ঘোষাল।



# কালো-বৌ

( গল্পাংশ )

মধ্যবিত্ত সুরেশচন্দ্র ধনী হরেন্দ্রের জ্যেষ্ঠ পুত্র বিশ্বস্তরের সঙ্গে তাঁর মাতৃহারা কন্যা কাজলের বিয়ে দেন। বসতবাটীখানি বন্ধক রাখেন দশ হাজার টাকার জগ্ন। কাজলের বিয়ের জগ্নই কি একাজ তাঁকে কোরতে হয়? কাজল কি চেয়েছিল এমনি করে তার বিয়ে হোক! কিন্তু সুরেশচন্দ্র পিতার কর্তব্য পালন কোরেছেন। কর্তব্য কি শুধু কাজলের পিতারই ছিল? তার স্বামী বিশ্বস্তরের?

বার্না কে? “বিয়ে কোরতে হলে এমনি মেয়েকেই কোরতে হয়”—একথা বিশ্বস্তর কেন বলে? বিশ্বস্তরের বিমাতা সুরধনৌ এবং পিসি ছন্দা কেন চেয়েছিল বার্নার সাথে বিশ্বস্তরের বিয়ে দিতে? সুরধনৌর কথা সুনন্দার বিয়ের সুবিধার জগ্ন কি? বার্নার বাবা মিঃ রায় সুনন্দার বিয়েতে বাদ সেধেছিলেন কি?

কাজলের কি অপরাধ? সকলের গঞ্জনা সহিতে হয় কেন তাকে? শশুর হরেন্দ্র, পাগলাটে দেওর অজু ও চাকর কালীপদ এদের ন্নেহ কি কাজল পায়নি? অত্যাচারে জর্জরিত হয়ে কাজল কি তার বাপের বাড়ী চলে গিয়েছিল? অসুস্থ অবস্থায় বিশ্বস্তর কি কাজলের সেবা যত্ন পায়নি? অজু কেন অবজ্ঞাত হয়? সে কেন ঘর ছাড়া হল?

সন্তানসন্তবা কাজল মৃত্যু শয্যায় কেন? কোথায়? সে কি ফিরে পেয়ে ছিলো তার স্বামী বিশ্বস্তরকে?

অজুর অদৃষ্টে কি ঘটলো! বিশ্বস্তর ও বার্না কি অমুতাপে দন্ধ হয়নি?

এ সমস্ত জিজ্ঞাসার মীমাংসা হবে রূপালী পর্দায়।

## গান

( ১ )

বারি ঝরা এই রাতে সে যায়

আমারে ডাকি

বাাধার সজ্জল মেঘে মনের আকাশ

ঢাকি ॥

এ জীবনে তাকে চেয়ে

ফুলের মালা না পেয়ে

ভুলের মায়াতে আমি

নিজেরে জড়িয়ে রাখি ॥

অবুঝ হৃদয় বলে, তবু সে জেনো তোমার

নিয়তির অভিশাপে, কেন মেনে

নেবে হার

কত সাধ কত আশা

আমাতে বেঁধেছে বাসা

এখনো সবি যে তারি, মিটাতে

রয়েছে বাকি ॥

কথা :—শ্রামল গুপ্ত ।

( ২ )

দখিনা বাতাস কোন মায়াতে

এলো যে স্বপন বন ছায়াতে

চুপি চুপি কার লাগি এ হৃদয় অনুরাগি

ফাগুনের রঙ্গে আজ রাঙ্গলো

তলুমনে শিহরন লাগলো ॥

তবে কি স্তূদ্র কাছে আসবে

মিলন চাঁদের তিথি হাসবে

ভ্রমর কি বলে যায় তাই শুনে নিরালায়

মুকুলের ঘুম বুঝি ভাঙ্গলো ॥

কুহর গীতালি তাই শুনছি

ভাবনা রঙ্গীন জাল বুনছি

মরমের এ বাণায় তার সুর বেজে যায়

কৌ মধুর আশা তাই জাগলো ।

কথা :—শ্রামল গুপ্ত ।

( ৩ )

মমতা মধুর বাংলার বধু তোমারে

ভোলাকি যায়

প্রতি ঘরে ঘরে নিত্য বিরাজ

অলকার স্মরণ ॥

শত লাচ্ছনা ছুঁখ অপমান

অধরের হালি করে নাত কভু স্নান

করণা সিন্ধু অন্তর কাঁদে কল্যাণ

কামনায় ।

তোমার পরশে আঙ্গিনায় নিতি সন্ধ্যা

প্রদীপ জলে,

আশনারে তুমি বিলাইয়া দাও

পূণা তুলসী তলে



কাজল তোমার ছনয়ন ভরে

অবিরাম মেহ পড়িছে যে ঝরে

জননীর রূপে আপনি বিকশি

প্রকাশিছ আপনায়

কথা :—কেষ্ট চক্রবর্তী

( ৪ )

(ওমা) কালোবরণ কোথায় তুমি পেলে

যে বলে সে বলুক কালো

তোমার কালো আমার ভালো

ঐ কালোরূপ যে মনমোহিনী

আলো করা ভূমণ্ডলে ॥





ভারত চিত্রমের দ্বিতীয় নিবেদন  
শ্রেষ্ঠ তারকা সমন্বয়ে

# “ডোমনীতলার মেয়ে”

পরিচালনা—শিল্পীসজ্জা

ফ্যাণ্ডা পিকচার্সের নিবেদন  
ধর্ম্মমূলক চিত্র

# “দর্পহারী নারায়ণ”